গলায় গামছা বেঁধে টানাহেঁচড়াই কৃষকের মৃত্যু

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে জমিজমা নিয়ে বিরোধে গলায় গামছা পেছিয়ে টানাহেচড়াই প্রতিপক্ষের হাতে রাহাজ উদ্দিন (৫০) নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে।

আজ মঙ্গলবার সকাল সাড়ে আটটার দিকে উপজেলার সিংগা গ্রামে এই মৃত্যুর ঘটনা ঘটে। মৃত রাহাজ উদ্দীন একই গ্রামের তাহাজ উদ্দিনের ছেলে। এ ঘটনায় ওই গ্রামের স্বপন আলী নামে এক ব্যক্তির বিরুদ্ধে থানায় হত্যা মামলার আবেদন করেছেন নিহতের ছেলে পলাশ হোসেন।

নিহতের স্বজন ও স্থানীয়রা জানান, নিহতের সাথে দীর্ঘদিন ধরে জমিজমা নিয়ে বিরোধ চলে আসছিল স্বপনদের। এ নিয়ে ওই গ্রামের বাজারে তাদের মধ্যে বাকবিতণ্ডা হয়। এ সময় স্বপন তাকে কিলঘুষি মারতে থাকে। এক পর্যায়ে গলায় গামছা বেধে টানা-হেচড়া শুরু করে। পরে মাটিতে লুটিয়ে পড়েন রাহাজ উদ্দিন। কিছুক্ষণ পর তার মৃত্যু হয়।

ওই গ্রামের সাবেক ইউপি সদস্য গোলাম রহমান জানান, সকালে বাজারে দু’জনের মধ্যে বাকবিতণ্ডা ও ধাক্কাধাক্কি হয়েছে। শুনেছি স্বপন তার গলাই গামছা দিয়েছিল। পরে স্থানীয়রা এগিয়ে এসে তাকে উদ্ধার করে। তখন রাহাজ উদ্দিন বাড়িতে যাওয়ার উদ্দেশ্য কিছুদুর যাওয়ার পর মাটিয়ে লুটিয়ে পড়ে এবং এ সময় তার মৃত্যু হয়।

নিহতের ছেলে পলাশ বলেন, সকালে আমার বাবাকে মারধর করেছে স্বপন। তাকে গলায় গামছা পেঁচিয়ে টানাহেঁচড়া করেছে। ফলে ঘটনাস্থলেই আমার বাবা মারা গেছেন। তাকে হত্যা করা হয়েছে।

হরিণাকুণ্ডু থানার ওসি এম এ রউফ খান বলেন, নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। তদন্ত চলছে। রিপোর্ট হাতে পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহে বয়স ভিত্তিক ক্রিকেট প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত

ঝিনাইদহে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৪-২৫ এর আওতায় জেলা ক্রীড়া অফিসের আয়োজনে বয়স ভিত্তিক ক্রিকেট প্রতিযোগিতার ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে ঝিনাইদহ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এ প্রতিযোগিতার ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত খেলায় নবগঙ্গা দল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হওয়ার গৌরভ অর্জন করে।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) সজল কুমার দাস।

সেসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক গোলক মজুমদার, জেলা কালচারাল অফিসার জসিম উদ্দিনসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা। এছাড়াও ক্রীড়া সংশ্লিষ্ট বিভিন্ন ব্যক্তিবর্গ প্রতিযোগিতার ফাইনাল খেলার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

টুর্নামেন্টটি পরিচালনার দায়িত্বে ছিলেন ঝিনাইদহ ক্রিকেটার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন অব বাংলাদেশ (কোয়াব)।

উল্লেখ্য, গত ০৮ নভেম্বর বয়স ভিত্তিক ক্রিকেট প্রতিযোগিতার খেলা শুরু হয়। এতে ঝিনাইদহ জেলার অনূর্ধ্ব-১৪, ১৬ ও ১৮ বছর বয়সী খেলোয়াড়বৃন্দ যথাক্রমে পদ্মা, মেঘনা, যমুনা ও নবগঙ্গা ৪টি দলে বিভক্ত হয়ে এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিল।

প্রচার প্রচারণায় জমে উঠেছে ঝিনাইদহ ডায়াবেটিক সমিতির নির্বাচন

জমে উঠেছে ঝিনাইদহ ডায়াবেটিক সমিতির নির্বাচন। নির্বাচনের দিন যতই ঘনিয়ে আসছে প্রচার প্রচারণায় ব্যস্ত সময় পার করছেন প্রার্থীরা। সকাল থেকে রাত অবধি জেলার বিভিন্ন উপজেলায় ভোটারদের দ্বারে দ্বারে ছুটছেন তারা। দিচ্ছেন নানা প্রতিশ্রুতি।

আজ মঙ্গলবার সকালে সম্মিলিত নাগরিক ঐক্য পরিষদের ব্যানারে ‘শতভাগ দুর্নীতি, বৈষম্যহীন পরিবেশ নিশ্চিত, চিকিৎসার মানউন্নয়নের অঙ্গিকার নিয়ে গঠিত মোয়াজ্জেম-পান্নু প্যানেল নির্বাচনী গণসংযোগ করেন। ভোটারদের কাছে গিয়ে তাদের প্যানেলে ভোট প্রার্থনা করেন। ঝিনাইদহ ডায়াবেটিক হাসপাতালের নানা উন্নয়ন, রোগীদের সেবার মান বৃদ্ধি, ভোগান্তী দুর ও ব্যায় কমানোর নানা প্রতিশ্রুতি দেন তারা। ভোটাররাও প্রার্থীদের দেওয়া ইশতেহার বাস্তবায়ন হবে এমনটিই আশা করছেন।

সেসময় প্যানেলের সভাপতি প্রার্থী মোয়াজ্জেম হোসেন, সাধারণ সম্পাদক প্রার্থী এ্যাড. মুন্সী কামাল আজাদ পান্নু, সহ-সভাপতি জাহিদুজ্জামান মনাসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

আগামী ২১ ডিসেম্বর ঝিনাইদহ ডায়াবেটিক সমিতির ত্রি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হবে। ২১টি পদে ৩৩ জন প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করছেন। ওই দিন সকাল ৯ টা থেকে ৪ টা পর্যন্ত ৩০৩ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।

ঝিনাইদহে হাসনাত ফাউন্ডেশনের

উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

মহান বিজয় দিবস উপলক্ষে ঝিনাইদহে সুবিধাবঞ্চিত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ সোমবার(১৬ ডিসেম্বর) সকাল ১১ টার দিকে শহরের আদর্শপাড়া এলাকায় হাসনাত ফাউন্ডেশনের উদ্যোগে এ শীতবস্ত্র বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, জেলা সেনা কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক শমসের আলী, হাসনাত ফাউন্ডেশনের উপদেষ্টা রাফসান আলী, সহ-সভাপতি ইমরান হোসেন, মো. ইমন, কোষাধ্যক্ষ কামরুল ইসলাম জিসান।

এ সময় জেলা শহরের বিভিন্ন এলাকা থেকে আসা সহস্রাধিক সুবিধাবঞ্চিত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

ঝিনাইদহে আন্তর্জাতিক অভিবাসী দিবস পালিত

“প্রবাসীর অধিকার, আমাদের অঙ্গীকার, বৈষম্যহীন বাংলাদেশ, আমাদের সবার” এ শ্লোগানে ঝিনাইদহে আন্তর্জাতিক অভিবাসী দিবস ও জাতীয় প্রবাসী দিবস উপলক্ষে সেবা সপ্তাহ এবং চাকুরী মেলার উদ্বোধন করা হয়েছে।

আজ রবিবার সকালে ঝিনাইদহ সরকারি কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)’তে আন্তর্জাতিক অভিবাসী দিবস চাকুরি মেলা ও সেবা সপ্তাহ’র উদ্বোধন করেন ঝিনাইদহ জেলা প্রশাসক মো: আব্দুল আওয়াল।

টিটিসি’র অধ্যক্ষ মো: রুস্তম আলীর সভাপতিত্বে সেসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বকুল চন্দ্র কবিরাজ, বিসিক’র উপ-ব্যবস্থাপক সেলিনা রহমান, ডিইএমও সহকারী পরিচালক সামিউল ইসলাম সহ অন্যান্যরা।

সরকারী রাস্তার মেহগনি গাছ কেটে নিয়ে গেল দুর্বৃত্তরা

স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ (খএঊউ)’র আওতাধীন সরকারী রাস্তার পাশের গাছ কাটার অভিযোগ উঠেছে। গত শুক্রবার সকালে ঝিনাইদহ সদর উপজেলার ৫ নং কুমড়াবাড়িয়া ইউনিয়নের ধোপাবিলা বারো কুদালিয়া গ্রামের রাস্তার পাশ থেকে এই গাছ কাটা হয়েছে বলে জানা যায়।

এই গাছ কাটার অভিযোগ ওই একই গ্রামের , মোঃ ছানার মন্ডলের ছেলে লিটন বিরুদ্ধে। স্থানীয়রা জানান, সরকারী রাস্তার গাছ লিটন অবৈধভাবে কেটে নিচ্ছেন, তার ভয়ে কেই তাকে প্রতিবাদ করার শাহস পাচ্ছেনা। তারা আরও বলেন গাছ গুলো কেটে ফেললে সরকারের ক্ষতি হবে পাশাপাশি পরিবেশের উপর নেতিবাচক প্রভাব পড়বে। স্থানীয় জনগন নিরাপত্তা এবং সুশিতল ছায়া ও পরিবেশ রক্ষার সার্থে গাছ গুলো রক্ষার দাবী জানান তারা।

নাম প্রকাশে অনিচ্ছুক স্থানীয় এক বাসিন্দা জানান, গত দুই দিন ধরে ১৩ ও ১৪ ই ডিসেম্বর, রাস্তার পাশের প্রায় ৩০ টা গাছ কাটা হয়েছে। গাছ কেটে শেষে মাটি দিয়ে ঢেকে দেওয়া হয়েছে। তারা সন্দেহ করছেন যে এর পেছনে কোনো অবৈধ উদ্দেশ্য রয়েছে। উপজেলা প্রশাসনকে জানালে তারা গাছগুলো এলজিইডি’র বলে জানান এবং তারা এব্যপারে পদক্ষেপ নিবে বলে আশা করেন।

এই গাছ কাটার ব্যাপারে তাদের নিকট থেকে কোন অনুমতি নেওয়া হয়নি বলে জানিয়েছেন। এই বিষয়ে, এলজিইডি কর্তৃপক্ষ জানিয়েছে, তারা বিষয়টি দেখে যথাযথ ব্যবস্থা গ্রহন করবেন। এব্যাপারে ভিকটিম লিটন জানান গাছ গুলো আমাদের লাগানো এখন বড় হয়েগেছে তাই কেটে নিচ্ছি।

ঝিনাইদহে নারীদের মাঝে বিনামুল্যে বাছুর বিতরণ

নারীদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে পরিবারের আর্থিক স্বচ্ছলতা বাড়াতে ঝিনাইদহে হতদরিদ্র পরিবারদের মাঝে বিনামূল্যে গাভী গরুর বাছুর বিতরণ করা হয়েছে।

শনিবার সকালে সদর উপজেলার হরিশংকরপুর ইউনিয়নের পরানপুর গ্রামে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অর্থায়নে এ অনুষ্ঠানের আয়োজন করে ঝিনাইদহের যৌথ অগ্রসরমান সৃজক সংস্থা (জাগো)।

জাগো’র নির্বাহী পরিচালক সাজ্জাদুল শরীফ’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. জিল্লুর রহমান এনডিসি। সেসময় উপস্থিত ছিলেন হরিশংকরপুর ইউনিয়নের সদস্য আব্দুল বারী, সংরক্ষিত নারী আসনের সদস্য সালমা খাতুন, জাগোর নির্বাহী সদস্য সাইফুল ইসলাম, প্রকল্প সমন্বয়ক এস এম নাজির আরেফিনসহ অন্যান্যরা।

অনুষ্ঠানে সদর উপজেলার হরিশংকরপুর ইউনিয়নের পরানপুর গ্রামের ৫ জন নারীর মাঝে গরুর বকনা বাছুর বিতরণ করা হয়। এর আগে গাভী পালনের উপর ওই নারীদের ১ দিনের প্রশিক্ষণ প্রদাণ করা হয়। প্রশিক্ষণ প্রদাণ করেন সদর প্রাণীসম্পদ কর্মকর্তা ডা: তারেক হাসান মুসা।

ঝিনাইদহে ১৩ লাখ টাকার ব্রীজ ৫ মাসেই জলে!

১৩ লাখ টাকার ব্রীজের মেয়াদ মাত্র ৫ মাস!। শুনতে অবাক লাগলেও এমনটি হচ্ছে ঝিনাইদহের হরিণাকুন্ডুতে। কয়েক মাস আগে করা পানি উন্নয়ন বোর্ডের ব্রীজ ভেঙ্গে সেখানে এখন আবার নতুন করে কালভার্ট নির্মাণ করবে সড়ক ও জনপথ বিভাগ। এতে ক্ষোভের সৃষ্টি হয়েছে স্থানীয়দের মাঝে।

সরেজমিনে হরিণাকুন্ডু উপজেলার কণ্যাদহ গ্রামে গিয়ে দেখা যায় জিকে সেচ খালের উপর গত ৫ মাস আগে নির্মাণ করা হয়েছে ব্রীজটি। ১৩ লাখ ৫০ হাজার টাকা ব্যায়ে পানি উন্নয়ন বোর্ডের প্রকল্পের বরাদ্দ অনুযায়ি জিকে সেচ খালের উপর নির্মাণ করা হয়েছে। ব্রীজের গায়ে এখনও মোড়ানো রয়েছে নতুন পলিথিন। শেষ হয় পানি উন্নয়ন বোর্ডের অডিটও। কিন্তু একই স্থানে সড়ক ও জনপথ বিভাগের আরেকটি প্রকল্প অনুমোদন হয়েছে। ১ কোটি ৬০ লাখ টাকা ব্যায়ে ওই স্থানেই আবার একটি কালভার্ট নির্মাণ করবেন তারা। যে কারণে নতুন ব্রীজটি ভেঙে আবারো কালভার্ট করার চুড়ান্ত প্রস্তুতি নিয়েছেন। ফলে সুষ্ঠু পরিকল্পনা, বাস্তবায়ন ও দুই বিভাগের সমন্বয়ের অভাবে সরকারের গচ্চা যাচ্ছে লাখ লাখ টাকা। এদিকে এ নিয়ে ক্ষোভ প্রকাশ করে স্থানীয় উপকারভোগীরা।

ওই গ্রামের আরশেদ আলী নামের এক কৃষক বলেন, ব্রীজটি নির্মাণেও করা হয়েছে অনিয়ম। সড়ক অনুযায়ী ব্রীজ না করায় প্রায় ঘটছে দুর্ঘটনা। ব্রীজটি যখন নির্মাণ করা হয় তখন তারাই বলেছিলো কয়েকদিন পর আবারো নতুন ব্রীজ হবে। আমার নিষেধ করার পরও তারা নিম্নমানের এই ব্রীজটি নির্মাণ করেছেন।

রাশেদ হক নামের এক বাসিন্দা বলেন, সরকারের কত টাকা হয়েছে যে ৫ মাসের মাথায় নতুন ব্রীজ ভেঙ্গে আবারো ব্রীজ করবে। নতুন ব্রীজই যদি করবে তাহলে এই ব্রীজটি করার দরকার ছিলো না। তিনি বলেন, পানি উন্নয়ন বোর্ড ও সড়ক ও জনপথ সমন্বয় করলে সরকারের এই বাড়তি টাকা গচ্ছা যেত না।

এ ব্যাপারে ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ডের উপ-সহকারী প্রকৌশলী মিনহাজুল ইসলাম বলেন, জিকে সেচ খাল যেহেতু আমাদের আওতাধীন তাই আমরা ব্রীজটি নির্মাণ করেছি। কারণে অনেকদিন আগে ব্রীজটি ভেঙ্গে যাওয়ার কারণে এলাকাবাসীর ভোগান্তি হচ্ছিলো। সেই ভোগান্তি দুর করতেই আমরা ব্রীজটি নির্মাণ করেছি। সড়ক ও জনপথ যদি ওই স্থানে ব্রীজ করে তাহলে আমাদের কাছ থেকে এনওসি নিয়ে করতে হবে। কিন্তু তারা এনওসি না নিয়েই স্টিমেট করেছে। আগামীতে সওজ বা এলজিইডি যদি জিকে সেচ খালের উপর ব্রীজ করে আমাদের সাথে আগে থেকে যোগাযোগ করলে এই ভুলবোঝাবুঝি হবে না। এ ব্যাপারে আমরাও সচেষ্ট থাকব।

ঝিনাইদহ সড়ক ও জনপথের নির্বাহী প্রকৌশলী মো: হাফিজুর রহমান বলেন, ব্রীজটি পানি উন্নয়ন বোর্ডের আগের নির্বাহী প্রকৌশলী থাকার সময় করা। ব্রীজটি যখন নির্মাণ করা হয় সেসময় আমার আগের

নির্বাহী প্রকৌশলী দু’দফা চিঠিও দিয়েছিলো কিন্তু তাদের মাঝে সমন্বয় হয়নি। ব্রীজটি নতুন হলেও এলাকার মানুষের চলাচলের অনুপযোগী। তাই এলাকার মানুষের ভোগান্তি দুর করতে পানি উন্নয়ন বোর্ডের সাথে সমন্বয় করে নতুন ব্রীজের কাজ শুরু হবে। এতে আশা করি এলাকার মানুষ উপকৃত হবে।

ঝিনাইদহে পিপিএল’র পর্দা উঠছে আগামী ১৬ ডিসেম্বর

ঝিনাইদহে প্রতি বছরের ন্যায় এবারো শুরু হচ্ছে পবহাটি প্রিমিয়ার লীগ (পিপিএল)’র চতুর্থ আসর। আগামী সোমবার (১৬ ডিসেম্বর) থেকে এই লীগ শুরু হচ্ছে।

এ উপলক্ষ্যে ঝিনাইদহ প্রেসক্লাবে এক সংবাদ সম্মেেলেনর মাধ্যমে লীগের গ্রুপ নির্ধারণ ও ট্রফি উন্মোচন করা হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন পিপিএল’র আহবায়ক মোস্তাক আহম্মেদ। এ সময় ক্রীড়াবিদ শাহ মোহাম্মদ আব্দুল্লাহ, জজ আদালতের এপিপি সরদার মনিরুল ইসলাম মিল্টন, সাংস্কৃতিক কর্মী নাজিম উদ্দিন জুলিয়াস, প্রিমিয়ার লীগের সদস্য সচিব এ্যাড. আনোয়ার হোসেন চাঁদ, রোকনুজ্জামান, এমদাদুল ইসলাম, আব্দুর রাকিব, রাসেল রানা ও সানজিদ শুভ্রসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে আয়োজকরা জানায়, আগামী ১৬ ডিসেম্বর শহরের পবহাটি বলফিল্ডে জমকালো ও বর্নাঢ্য আয়োজনের মধ্য দিয়ে এ প্রিমিয়ার লীগের উদ্বোধন করা হবে। ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এ্যাড এম এম মজিদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

এতে জেলার বিভিন্ন উপজেলার ২৪ টি দল ৮ টি গ্রুপে অংশ গ্রহন করছে। ২৭ ডিসেম্বর রাতে ফাইনাল খেলার মাধ্যমে পবহাটি প্রিমিয়ার লীগ শেষ হবে। লীগের সহযোগী প্রতিষ্ঠান হিসেবে সিও বাংলাদেশ, রাবেয়া হাসপাতাল, শান্দা এগ্রো, জাপানিজ ল্যাংগুয়েজ, ইউনাইটেড ডায়াগোনেস্টিক সেন্টার, রায়হান মটরস ও কার ট্রেড স্পন্সর করছে।

ঝিনাইদহে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

ঝিনাইদহ ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা ও অন্যান্য কর্মসূচী পালন করা হয়েছে। আজ শনিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের জেলা প্রশাসক মোঃ আব্দুল আওয়াল। বিশেষ অতিথি হিসেবে ঝিনাইদহের পুলিশ সুপার মোহাম্মদ মনজুর মোরশেদ বিপিএম-সেবা বক্তব্য রাখেন।

এছাড়াও বক্তব্য রাখেন সুশীল সমাজের প্রতিনিধি এম এম শাহজালাল, বীর মুক্তিযোদ্ধা ঝিনাইদহ ল কলেজের প্রিন্সিপাল এবং পিপি মশিয়ার রহমান, স্থানীয় সরকারের উপ-পরিচালক রথীন্দ্রনাথ রায়, ঝিনাইদহ জেলা রিপোর্টার ইউনিটির সভাপতি এম এ কবীর, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতা আবু হুরাইরা প্রমূখ। অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক বকুল চন্দ্র কবিরাজ এর পরিচালনায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় বক্তারা ১৯৭১ সালের ১৪ ডিসেম্বরে সকল শহীদ বুদ্ধিজীবীদের বিনম্র শ্রদ্ধাভারে স্মরণ করেন ও তাদের আত্মার মাগফিরাত কামনা করেন।

সভায় বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ,স্কাউটস ও বিভিন্ন শ্রেণী পেশার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।